DAY — 03 SEAT NUMBER | | | | | | |

2025	II	13	1100	J-267	(BEN)

BENGALI (12)

Time : 3 Hrs. (11 Pages) Max. Marks : 80

সূচনা ঃ-

(১) সূচনা অনুসারে গদ্য, পদ্য, বিশেষ সাহিত্য ও ভাষা অধ্যয়নের আকলন কৃতকার্যে প্রয়োজন অনুসারে আকৃতির মধ্যে উত্তর লেখা অনিবার্য।

(২) সমস্ত আকৃতির জন্য কলমের ব্যবহার করতে হবে।

(৩) আকৃতির মধ্যে উত্তর লেখার সময় কলমের ব্যবহার করতে হবে।

(৪) শুদ্ধ, স্পষ্ট এবং সুন্দর হস্তাক্ষর বাঞ্ছনীয়।

বিভাগ - ১, গদ্য - ২০ অঙ্ক

1. (অ) পঠিত গদ্যাংশটি পড়ে সূচনা অনুসারে কৃতকার্য সম্পাদন করো : **[6]**

মদনের মাড়ির বিড় করে বকতে আসছিল লাঠি ধরে কুঁজো হয়ে, ভুবনের সামনে সেকিছু না বললেই মদন খুশি হত। কিন্তু বুড়ির কি সে কান্ডজ্ঞান আছে। সামনে এসেই সে শুরু করে দেয় মদন তাঁতির এয়োতি - বশীকরণ বসন্ত শাড়ির বায়নার কথা শুনেই বাড়ির মেয়েদের হাসি টিটকারি দিয়ে বিদেয় করার কাহিনী ও সব কাপড়ের চল আছে নাকি আর, ঠাকুমা, দিদিমারা, ঝিরা আর চাষার ধরের মেয়েরা পরে ও সব শাড়ি।

মদন - তাঁতি ! মদন - তাঁতির কাপড় ! বনগাঁয় শ্যাল রাজা মদন - তাঁতি।

বলল ? বলল ও সব কথা ? পাগুটিয়ে সিধে হয়ে বলে মদন, বেড়েছে - বড়ো বেড়েছে বাবুরা অতি বাড় হয়েছে বাবুদের, মরবে এবার।

দাওয়ায় উঠতে টলে পড়বার উপক্রম করে মদনের বউ। খুটি ধরে সামলে নিয়ে ভেতরে চলে যায়, ভেতর থেকে উগ্র মন্তব্য আসে, এক পয়সার

মুরোদ নেই, গর্বো কত।

১. ছক পূর্ণ কর ঃ- (2)



২. শব্দ ভান্ডার ঃ- (2)

(i) গদ্যাংশ থেকে খুঁজে নিম্নলিখিত শব্দের সমার্থক শব্দ লেখোঃ

সধবা – ☐

ক্ষমতা – ☐

(ii) গদ্যাংশ থেকে খুঁজে নিয়ে নিম্নলিখিত শব্দের বিপরীত শব্দ লেখোঃ

কান্না x ☐

রানী x ☐

৩. ব্যক্তিগত প্রশ্ন ঃ-

৪০ থেকে ৫০ শব্দের মধ্যে নীচের মন্তব্যটির বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ঃ (2)

''যন্ত্র শিল্পের আগমনে হস্তশিল্পের অবনতি ঘটেছে।''

(আ) পঠিত গদ্যাংশটি পড়ে সূচনা অনুসারে কৃতকার্য সম্পাদন করো ঃ- **[6]**

তখনকার দিনে বড়োলোকের বাটীতে কোনো ক্রিয়া কর্ম্মোপলক্ষে মাসেক কাল পূর্ব হইতে নানাবিধ পন্যভার লইয়া দোকানি - পসারিরা গতিবিধি শুরু করিত। শালাওয়ালা ভালো ভালো কাশ্মীরীশাল ও রুমাল

লইয়া আসিত, মুর্শিদাবাদ ও ঘাটাল অঞ্চলের বনিকেরা নানাবিধ গরদ তসর ও রেশমি বস্ত্র আমদানি করিত। ঢাকা, শান্তিপুর, ফরাসডাঙ্গা, সিমলার ব্যাপারীরা কত প্রকারের সূক্ষ্ম ও বিচিত্রপাড় কার্পাস বস্ত্র এবং পশ্চিমি ক্ষেত্রীরা বেনারসি ও চেলির জোড় লইয়া উপস্থিত হইতে। এতদ্ভিন্ন, স্বর্ণকার, কর্মকার, মালাকার, ময়রা, গোয়ালা, পাথরওয়ালা, কাংস্য - পিত্তলবিক্রেতা - নানান জনে নানবিধ ফরমাসে নিত্য গতায়াত করিত। এমনকি, বেদানার বস্তা লইয়া বিদেশী কাবুলিওয়ালা পর্যন্ত বাদ যাইত না।

১. ছক পূর্ণ করো ঃ- (2)



২. শব্দ ভান্ডার ঃ- (2)

(i) গদ্যাংশ থেকে খুঁজে নিয়ে নিম্নলিখিত শব্দের বিপরীত শব্দ লেখোঃ

পশ্চাৎ X ☐

শেষ X ☐

(ii) গদ্যাংশ থেকে খুঁজে নিয়ে নিম্নলিখিত শব্দের সমার্থক শব্দ লেখোঃ

পোশাক — ☐

প্রতিদিন — ☐

৩. ব্যক্তিগত প্রশ্ন ঃ-

৪০ থেকে ৫০ শব্দের মধ্যে নীচের মন্তব্যটির বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ঃ- (2)

''উৎসব মানুষের মনে আনন্দ এনে দেয়।''

(ই) নীচের ৩টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ২টি প্রশ্নের প্রতিটি উত্তর ৬০ থেকে ৮০ শব্দের মধ্যে লেখো ঃ- **[6]**

(১) রাজা হঠাৎ তোতাকে শিক্ষিত করে তোলার মনস্থির করলেন কেন?

(২) পৌষে বাদলা নিয়ে গ্রামের ডাক পুরুষের বচন সম্পর্কে আলোচনা করো।

(৩) প্রফুল্লকে হস্পাতের মেয়ে বলা হয়েছে কেন?

(ঈ) নীচের ৩টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ২টি প্রশ্নের উত্তর প্রতিটি এক বাক্যে লেখো ঃ **[2]**

(১) ঝোপের মধে কারা ছিল?

(২) দুধ ঢালাই হতো কোথায়?

(৩) কে অনেক বেলা অবধি ভেবেছিল ?

বিভাগ - ২, পদ্য - ২০ অঙ্ক

2. (অ) পঠিত পদ্যাংশটি পড়ে সূচনা অনুসারে কৃতকার্য সম্পাদন করো ঃ **[6]**

আমি একদিনও না দেখিলাম তারে
আমার বাড়ির কাছে আরশীনগর
ওএক পড়শী বসত করে।
গ্রাম বেড়িয়ে অগাধ পানি
ও তার নাই কিনারা নাই তরনী পারে -
আমি বাঞ্ছা করি দেখব তারি
আমি কেমনে সে গাঁয় যাই রে।
বলব কি সেই পড়শীর কথা
ও তার হস্ত, পদস্কন্ধ মাথা নাই রে।

ও সে ক্ষণেক থাকে শূন্যের উপর
আবার ক্ষণেক ভাসে নীরে।
পড়শী যদি আমায় ছুঁত।
আমরা যম - যাতনা যেত দূরে।
আবার সে আর লালন একখানেরয়
তবু লক্ষ যোজন ফাঁক রে।

১. ছক পূর্ণ করো ঃ- (2)



২. শব্দ ভান্ডার ঃ- (2)

(i) পদ্যাংশ থেকে খুঁজে নিম্নলিখিত শব্দের সমার্থক শব্দ লেখো ঃ-

প্রতিবেশী – ☐

নৌকা – ☐

(ii) পদ্যাংশ থেকে খুঁজে নিম্নলিখিত শব্দের বিপরীত শব্দ লেখো ঃ-

নীচে X ☐

শহর X ☐

৩. ব্যক্তিগত প্রশ্ন ঃ-

২০ থেকে ৩০ শব্দের মধ্যে নীচের মন্তব্যটির বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ঃ- (2)

''মানুষের মাঝে ঈশ্বরকে খুঁজে নেওয়া প্রয়োজন।''

(আ) নীচের ২টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ১টি প্রশ্নের উত্তর ১০০ থেকে ১২০ শব্দের মধ্যে লেখো ঃ- **[6]**

(১) শিকার কবিতায় কবি ভোরের প্রকৃতি ও জীবনের যে বর্ণনা দিয়েছেন তা লেখো।

(২) সারা দিন অন্ধকার ঘরের মধ্যে কে পায়চারি করতেন ও কেন ?

(ই) নীচের ৩টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ২টি প্রশ্নের উত্তর প্রতিটি ৮০ থেকে ১০০ শব্দের মধ্যে লেখো ঃ- **[6]**

(১) সবুজের অনটন কীভাবে দূর করা যায় তা লেখো?

(২) বর্ণমালাকে কবি আঁখিতারা বলেছেন কেন?

(৩) দরিদ্র চাষিটির বন্ধুর কথা মনে জেগেছিল কেন?

(ঈ) নীচের ৩টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ২টি প্রশ্নের উত্তর প্রতিটি এক বাক্যে লেখো ঃ- **[2]**

(১) কোন দিনে কুটুম ফিরাতে নেই?

(২) কবির আজন্মের সাথী কে?

(৩) ভোরের আলোয় কে নেমে এসেছে?

বিভাগ - ৩, বিশেষ সাহিত্য - ১০ অঙ্ক

3. (অ) পঠিত গদ্যাংশটি পড়ে সূচনা অনুসারে কৃতকার্য সম্পাদন করো ঃ- **[6]**

দূরের শহরের ফিরিঙ্গিরা নিরস্ত্র ভারতীয়দের উপর গুলি করেছে। আবাল - বৃদ্ধ - বিনিতা সবাই আছে মৃতদের মধ্যে বাকিদের অন্য শহরের জেলে পাঠানো হচ্ছে। কয়েদিদের মদিও খিদে - তেস্টায় সব মরার মতো অবস্থা, তাও হুকুম হয়েছে, তাদের ট্রেন যেন কোথাও না থামে। পাঞ্জা সাহেবের লোকজন খবরটা পেয়ে সবাই উত্তেজিত।

পাঞ্জা সাহেবেই গুরু নানক মর্দানার তেস্টা মিটিয়েছিলেন। ঠিক হল, ট্রেনটা থামানো হবে। স্টেশন - মাস্টারের কাছে আবেদন জানানো হল। টেলিফোন, টেলিগ্রাম গেল। তবু ফিরিঙ্গিদের হুকুম, কিছুতেই ট্রেনটা কে

থামানো যাবে না। এদিকে ট্রেনের মধ্যে স্বাধিনতা সংগ্রামী, দেশ - প্রেমিকরা খিদেয় কাতর। জল রুটির ব্যবস্থা নেই। সেখানে ট্রেন থামানোর কোন ব্যবস্থা হয়নি। তবু লোকজন ট্রেন থামাতে বদ্ধপরিকর। শহরবাসিরা তাই স্টেশনে রুটি, পায়স, লুচি - ভাল ডাঁই করে রাখে।

১. ছক পূর্ণ করো ঃ- (2)



২. ছক পূর্ণ করো ঃ- (2)



৩. ব্যক্তিগত প্রশ্ন ঃ-

৪০ থেকে ৫০ শব্দের মধ্যে নীচের মন্তব্যটির বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ঃ- (2)

''জননী এবং অন্মভুমির স্থান স্বর্গেরও উপরে।''

(আ) নীচের ২টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ১টি প্রশ্নের উত্তর ৮০ থেকে ১০০ শব্দের মধ্যে লেখো ঃ- **[4]**

(১) শ্রীপতি সামন্ত কী কী মালপত্র নিয়ে কেথায় যাচ্ছিলেন ?

(২) গুরুনানক কী ভাবে তার শিষ্য মর্দানার জলতেস্টা মিটিযেছিলেন?

বিভাগ - ৪ঃ ব্যবহারিক বাংলা, অপঠিত গদ্যাংশ, পারিভাষিক শব্দাবলী - ২০ অঙ্ক

4. (অ) নীচের ২টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ১টি প্রশ্নের উত্তর ১০০ থেকে ১২০ শব্দের মধ্যে লেখো ঃ- **[6]**

(১) ব্লগ লেখার একটি উদাহরণ দাও।

(২) একজন রেডিও জকির নিয়োগ কীভাবে করা হয় তা লেখো?

(আ) নীচের ২টি প্রশ্নের মধ্য থেকে যেকোন ১টি প্রশ্নের উত্তর ৮০ থেকে ১০০ শব্দের মধ্যে লেখো ঃ- **[4]**

(১) ভাব সম্প্রাসরন করো।

''চক চক করলে সোনা হয় না।''

(২) ব্লগের কাঠামো সম্পর্কে যা জানো তা লেখো।

(ই) অপঠিত গদ্যাংশ পড়ে সূচনা অনুসারে কৃতকার্য সম্পাদন করো ঃ **[6]**

উচ্ছব আবার কাঠ কাটতে থাকে। প্রত্যেকটি কাঠ দেড় হাত লম্বা। ধারালো কাটারিটি সে তোলে ও নামায়। ফুটন্ত ভাতের গন্ধ তাকে বড়ো উতলা করে। এদিক ওদিক চেয়ে বাসিনী ঝুড়ি বোঝাই শাক নিয়ে উঠানে ধুতে আসে। ঝপ করে একটা ঠোঙা তার হাতে দিয়ে বলে, ছাতু খেয়ে জল খেয়ে এস রাস্তার কল হতে। দেরি ক'রো না মোটে। এ পিশাচের বাড়ি কেমন তা ঝাননি দাদা। গরিবের গতর এরা শস্তা দেকে।

– কে মরতেচে হ্যাঁ বাসিনী?

– তে কে লে বুড়ো। বাড়ির কত্তা। মরবেনে?

ওই ঝে হোমের জোগান দিচ্ছে, ওই মুটকি ওনার খাস ঝি। কত্তা মোলে পরে ওকে সাত নাতি না মেরেচি তো আমি বাসিনী নই। তেকেলে বুড়ো মরছে তার ঝান্যি হোম।

ছাতু ক'টি নিয়ে উচ্ছব বেরিয়ে যায়। বাপ রে। এত তরকারি, এত চাল এত মাছ এ একটা থজ্ঞি বটে। সব নাকি বাদার দৌলতে। সে কোন বাদা? উচ্ছবের বাদায় শুধু গুগলি - গেঁড়ি - কচুশাক - সুশনো শাক। উচ্ছব ছাতুটুকু একটু খায়, মিষ্টির দোকানে ভাঁড় চেয়ে নিয়ে জল খায়।

১. ছক পূর্ণ করো ঃ- (2)



২. শব্দ ভাণ্ডার ঃ- (2)

(i) গদ্যংশ থেকে খুঁজে নিয়ে নিম্নলিখিত শব্দের সমার্থক শব্দ লেখো ঃ-

দেহ — ☐

কমদামী — ☐

(ii) গদ্যংশ থেকে খুঁজে নিয়ে নিম্নলিখিত শব্দের বিপরীত শব্দ লেখো ঃ-

যুবক X ☐

ধনী X ☐

৩. ব্যক্তিগত প্রশ্ন ঃ-

৪০ থেকে ৫০ শব্দের মধ্যে নীচের মন্তব্যটির বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ঃ- (2)

''দূর্যোগে পড়া লোকের প্রতি সহানুভূতি রাখা প্রয়োজন। ''

(ঈ) নীচের ৬টি শব্দের মধ্য থেকে যেকোন ৪টি শব্দের অর্থ বাংলায় লেখো। **[4]**

(১) Friend

(২) Class

(৩) Powerful

(৪) Brilliant

(৫) Country

(৬) Polite

বিভাগ - ৫, ব্যাকরণ - ১০ অঙ্ক

5. (অ) উদাহরণ পড়ে অলংকারের নাম লেখো। (যে কোন ২টি) **[2]**

(১) মেয়েটি দিন দিন লতার মতো বাড়িয়া উঠিতেছে।

(২) চোখে চোখে কথা নয়গো, বন্ধু আগুনে আগুনে কথা।

(৩) কে তুমি হেথা বিজনে বসি –
নর, কি ঋষি, দেবতা?
অঙ্গ ছুপি পুনপ্রভা চমকে।

(আ) উদাহরণ পড়ে রসের নাম লেখো। (যে কোন ২টি) **[2]**

(১) সেদিন দুজনে দুলেছিনু বনে –
ফুল জেরে বাঁধা ঝুলনা।

(২) কিন্তু চিরস্থায়ী কিছু নহে এ সংসারে
এ যায় আর আসে, জগতের রীতি সাগর তরঙ্গ যথা।

(৩) মজার দেশের মজার কথা
বলবো কত আর –
চোখ মেললে যায় না দেখা
বুঝলে পরিস্কার।

(ই) বাগ্‌ধারার সাহায্যে বাক্য রচনা করো ঃ- (যে কোন ২টি) **[2]**

(১) টাকার কুমির

(২) কাঠের পুতুল

(৩) কানকাটা

(৪) গোবর গণেশ

(ঈ) সন্ধি বিচ্ছেদ করো ঃ- (যে কোন ২টি) **[2]**

(১) নরাধম = ☐ + ☐

(২) প্রত্যেক = ☐ + ☐

(৩) রবীন্দ্র = ☐ + ☐

(উ) ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখো ঃ- (যে কোন ২টি) **[2]**

(১) নবরত্ন

(২) দিনরাত্রি

(৩) দশানন

◆◆◆